

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ  
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।


নং-১৮.১১.০০.০০.০৩৬.০৩৪.১৯৭.১৭/ ২১৫

তারিখ : ২০/০৮/২০১৭ইং

“গাড়ী মেরামতকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির বিজ্ঞপ্তি”

২০১৭-২০১৮ অর্থ বছরে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের মোটরযান মেরামত কাজে প্রকৃত মেরামতকারী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফর্মে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন পত্রের ফর্ম ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরত যোগ্য) নগদ মূল্যে হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ ভবন (৯ম তলা), ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা হতে ক্রয় করা যাবে।

আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে ০৭/০৯/২০১৭ইং তারিখের মধ্যে আবেদনপত্র ফর্ম সংগ্রহ করতে হবে এবং ১০/০৯/২০১৭ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১৪.০০ ঘটিকা পর্যন্ত উপ-পরিচালক(প্রশাসন), সচিবালয়, ৪র্থ তলা, বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ ঢাকা এর কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহন করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল আবেদনপত্র গ্রহন অথবা বাতিল করার ক্ষমতা রাখেন।

  
( মোঃ সিরাজুল ইসলাম ভূঁঞা )  
উপ-পরিচালক(প্রশাসন), সচিবালয়।